দৈনিক ইত্তেফাক

JUN. 22 2002

# ছাত্রদেরও উপবৃত্তি দেয়া হোক

নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ছাত্রীদের জন্য প্রবর্তিত উপবৃত্তি নিঃসন্দেহে প্রশংসনীয়। কিন্তু দেশের উন্নতির জন্যে শুধু নারীদের শিক্ষিত হলেই চলবে না। নর-নারী প্রত্যেককেই শিক্ষার সুযোগ করে দিতে হবে। কৃষিপ্রধান বাংলাদেশে অর্থাভাবে অনেক মেধাবী ছাত্র নিরুপায় হয়ে লেখাপড়া ত্যাগ করতে বাধ্য হচ্ছে। জীবনের প্রয়োজনে অনেকেই পা বাড়াচ্ছে আয়ের পথে। কিংবা তাদের মা-বাবা শিক্ষা গ্রহণের জন্যে প্রয়োজনীয় অর্থের যোগান দিতে ব্যর্থ হওয়ায় তারা স্কুল-কলেজ ত্যাগ করছে। অথচ মাধ্যমিক পর্যায়ে ছাত্রদের উপবৃত্তি দেয়া হলে অনেক দরিদ্র মেধাবী ছাত্র শিক্ষা গ্রহণের সুযোগ পাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি বিবেচনায় আনবেন বলে আশা করি।

**সৈয়দ ফয়জুল আল-আমীন,**
নালিতাবাড়ী বাজার,
শেরপুর।